ঝিনাইদহে এসএসসি পরীক্ষার্থীদের সহায়তায় শিবিরের ‘হেল্প ডেস্ক’

ঝিনাইদহ :: চলমান এসএসসি ও সমমান পরীক্ষার্থীদের জন্য ঝিনাইদহে ‘হেল্প ডেস্ক’ চালু করেছে ছাত্রশিবির। পরীক্ষা শুরুর আগে কেন্দ্রগুলোর নির্ধারিত দুরত্বে পরীক্ষার্থীদের মাঝে কলম, স্কেল, স্বচ্ছ ব্যাগ ও ফুল বিতরণ করেন শিবিরের নেতাকর্মীরা। এছাড়া আগত অভিভাবকদের মাঝে খাবার পানি, ফার্স্ট এইড সেবা ও বিশ্রামের জন্য চেয়ারের ব্যবস্থা করেছে শিবির। বৃহস্পতিবার সদর উপজেলার এসএসসি ও সমমান পরীক্ষার ১২টি কেন্দ্রে এ হেল্প ডেস্ক চালু করেছে ঝিনাইদহ শহর শাখা ছাত্রশিবির।
জানা গেছে, বৃহস্পতিবার সকাল থেকে পরীক্ষা কেন্দ্রগুলোর পাশে নির্ধারিত দুরত্ব বজায় রেখে অস্থায়ী হেল্প ডেস্ক বসায় শহর শাখা ছাত্রশিবির। হেল্প ডেস্ক থেকে আগত পরীক্ষার্থীদের মাঝে কলম, স্কেল, স্বচ্ছ ব্যাগ ও ফুল বিতরণ করা হয়। এসময় পরীক্ষার্থীরাও শিবিরের হেল্প ডেস্ক থেকে সহায়তা নেন। এসব হেল্প ডেস্ক থেকে শিক্ষার্থীদের আসন বিন্যাস, রুম নং সহ এ সংক্রান্ত তথ্য দিয়ে সহায়তা করেন শিবিরের নেতাকর্মীরা।
ঝিনাইদহ সরকারি বালক বিদ্যালয়, সরকারি বালিকা বিদ্যালয়, ওয়াজির আলী মাধ্যমিক বিদ্যালয়, কাঞ্চননগর মাধ্যমিক বিদ্যালয়, সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা, কেসি কলেজ ও সিটি কলেজ সহ সদর উপজেলার মোট ১২ টি কেন্দ্রে শিক্ষার্থীদের সহায়তায় তথ্য প্রদান ডেস্ক ও ফার্স্টে এইড সুবিধা দিচ্ছে শিবির।
এ ছাড়া পরীক্ষা কেন্দ্রে বাইরে অবস্থানরত অভিভাবকদের জন্য খাবার পানি, প্রাথমিক চিকিৎসা সেবা (ফার্স্ট এইড) ও বিশ্রামের ব্যবস্থা করেছে শিবির। সংগঠনটির নেতারা বলছেন, এসএসসি ও সমমান পরীক্ষা চলাকালীন প্রতিদিন এ সুবিধা চালু রাখবে সংগঠনটি।
সুরমা আক্তার, হাসানুজ্জামান, নির্ঝর রহমান ও সাকিবুল ইসলাম নামে কয়েকজন পরীক্ষার্থী বলেন, অনেকেই পরীক্ষা কেন্দ্রের রুম নম্বর খুজে পাচ্ছে না। শিবিরের হেল্প ডেস্ক থেকে রুম নম্বর, আসন নম্বর জানিয়ে দেওয়া হচ্ছে। এটা খুবই ভালো কাজ। পরীক্ষা মানেই একটু নার্ভাসনেস থাকে। অনেকেই পরীক্ষার্থীদের মানসিক ভাবে পরামর্শ দিচ্ছেন। সব ছাত্র সংগঠনের এ ধরণের ভালো কাজে মনোযোগ দেয়া

উচিত।
সানজিদা আক্তার, শিলা রাণী ও রাইসুল ইসলাম সহ কয়েকজন অভিভাবক বলেন, পরীক্ষা কেন্দ্রের বাইরে অভিভাবকদের বসে বিশ্রামের ব্যবস্থা করেছে শিবিরের কর্মীরা। এগুলো ভালো উদ্যোগ। সব ছাত্রসংগঠনগুলো মিলেমিশে কাজ করলে দেশ এগিয়ে যাবে।
ঝিনাইদহ শহর শাখা ছাত্রশিবিরের সভাপতি মেহেদী হাসান রাজু বলেন, শিক্ষার্থীদের সুযোগ–সুবিধা নিশ্চিত করতে প্রতিষ্ঠার পর থেকে কাজ করে যাচ্ছে ইসলামী ছাত্রশিবির। এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষার্থী ও অভিভাবকদের সুবিধার্থে ঝিনাইদহের ১২টি কেন্দ্রে আমরা হেল্প ডেস্ক চালু করেছি।